গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

**বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের আগস্ট ২০১৭ মাসে অনুষ্ঠিত সভার (৬ষ্ঠ সভা) কার্যবিবরণী।**

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে কমিশনের বিদ্যমান কর্মকাণ্ডের সার্বিক বিষয়ে গত ১৩ আগস্ট ২০১৭ তারিখ সকাল ১১.০০ টায় চেয়ারম্যান এর সভাপতিত্বে কমিশনের সভা কক্ষে একটি সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কমিশনের সদস্যবৃন্দ, বিইআরসি ট্রাইব্যুনালের সদস্যবৃন্দ, সচিব, পরিচালক, উপপরিচালক, একান্ত সচিব এবং সহকারী পরিচালকবৃন্দ উপস্থিত ছিলেন (উপস্থিতির তালিকা পরিশিষ্ট-ক দ্রষ্টব্য)।

২। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান এবং গত ৯ জুলাই ২০১৭ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করেন। সভায় উপস্থিত সকলে তাঁদের মতামত ব্যক্ত করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়-

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. বিদ্যুৎ অনুবিভাগ | ১। সভায় অবহিত করা হয় যে, জুলাই ২০১৭ পর্যন্ত অনিষ্পন্ন লাইসেন্স ওয়েভার আবেদনের সংখ্যা ছিল ৭৭৫ টি (নতুন আবেদন ৬০৭ টি, সংশোধনের আবেদন ৮৩ টি, নবায়নের আবেদন ৮৫ টি), যার মধ্যে নিষ্পত্তিকৃত আবেদন ৮৫ টি (নতুন ৪৪ টি, সংশোধন ১৩ টি এবং নবায়ন ২৮ টি)। ফলে জুলাই ২০১৭ পর্যন্ত সর্বমোট অনিষ্পন্ন লাইসেন্স ওয়েভার আবেদনের সংখ্যা ৬৯০ টি (নতুন ৫৬৩ টি, সংশোধন ৭০ টি এবং নবায়ন ৫৭ টি)।<br><br>২। সভায় আরও অবহিত করা হয় যে, জুলাই ২০১৭ পর্যন্ত সিপিপি ক্যাটাগরির অনিষ্পন্ন লাইসেন্স আবেদনের সংখ্যা ছিল ৩৭৭ টি (নতুন ১৮৪ টি, সংশোধন ৪৬ টি এবং নবায়ন ১৪৭ টি), যার মধ্যে নিষ্পত্তিকৃত আবেদন ৪৩ টি (নতুন ১০ টি, সংশোধন ৬ টি এবং নবায়ন ২৭ টি)। ফলে জুলাই ২০১৭ পর্যন্ত সিপিপি ক্যাটাগরির ৩৩৪ টি আবেদন অনিষ্পন্ন রয়েছে (নতুন ১৭৪ টি, সংশোধন ৪০ এবং নবায়ন ১২০ টি)।<br><br>৩। তাছাড়া সভায় অবহিত করা হয় যে, জুলাই ২০১৭ পর্যন্ত সরকারী সংস্থা, আইপিপি, আরপিপি এবং সিআইপিপি ক্যাটাগরির ২৩ টি লাইসেন্স আবেদন অনিষ্পন্ন ছিল (নতুন ৫ টি, সংশোধন ২ টি এবং নবায়ন ১৬ টি, যার মধ্যে নিষ্পত্তিকৃত ৫ টি (নতুন ১ টি ও নবায়ন ৪ টি)। জুলাই ২০১৭ পর্যন্ত অনিষ্পন্ন আবেদনের সংখ্যা ১৮ টি (নতুন ৪ টি, সংশোধন ২ টি এবং নবায়ন ১২ টি)। | বিদ্যুৎ অনুবিভাগের বিভিন্ন ক্যাটাগরির অনিষ্পন্ন লাইসেন্স আবেদনসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। মাসিক লাইসেন্স আবেদন নিষ্পত্তির সংখ্যা ছকে উপস্থাপন করতে হবে। | পরিচালক (বিদ্যুৎ) |
| ২.গ্যাস অনুবিভাগ | সভায় অবহিত করা হয় যে, পূর্বে অনিষ্পন্ন লাইসেন্স আবেদনের সংখ্যা ১৯৪ টি। জুলাই ২০১৭ মাসে ৩৫ টি লাইসেন্স আবেদন নিষ্পত্তি করা হয়েছে [সিএনজি (নতুন) ৬ টি, সিএনজি (নবায়ন) ২৮ টি, এলপিজি (নতুন) ১ টি)]। অনিষ্পন্ন রয়েছে ১৫৯ টি আবেদন [সিএনজি (নতুন) ৮৩ টি, সিএনজি (নবায়ন) ৬১ টি, এলপিজি (নতুন) ১২ টি, গ্যাস বিতরণ/বিপণন কোম্পানী ২টি এবং গ্যাস সঞ্চালন কোম্পানী ১টি)]। | গ্যাস অনুবিভাগের বিভিন্ন ক্যাটাগরির অনিষ্পন্ন লাইসেন্স আবেদনসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। মাসিক লাইসেন্স আবেদন নিষ্পত্তির সংখ্যা ছকে উপস্থাপন করতে হবে। | পরিচালক (গ্যাস) |
| ৩.পেট্রোলিয়াম অনুবিভাগ | সভায় অবহিত করা হয় যে, জুলাই ২০১৭ পর্যন্ত বিভিন্ন ক্যাটাগরির অনিষ্পন্ন আবেদনের সংখ্যা ১৬৯ টি (নতুন ১৩০ টি, নবায়ন ৩১ টি সংশোধন ৮ টি), যার মধ্যে নিষ্পত্তিকৃত আবেদন ১৫ টি (নতুন ৭ টি, নবায়ন ৪ টি এবং সংশোধন ৪ টি)। অনিষ্পন্ন আবেদন রয়েছে ১৫৪ টি (নতুন ১২৩ টি, নবায়ন ২৭ টি এবং সংশোধন ৪ টি)। | পেট্রোলিয়াম অনুবিভাগের বিভিন্ন ক্যাটাগরির অনিষ্পন্ন লাইসেন্স আবেদনসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। মাসিক লাইসেন্স আবেদন নিষ্পত্তির সংখ্যা ছকে উপস্থাপন করতে হবে। | পরিচালক (পেট্রোলিয়াম) |

চলমান পাতা-২

| | | | |
|---|---|---|---|
| ৪. অর্থ ও হিসাব অনুবিভাগ | ১ জুলাই ২০১৬ হতে ৩০ জুন ২০১৭ পর্যন্ত কমিশনের ক্রমপুঞ্জিত আয় ২৬৩,৪৬৮,১২৩.৪২ টাকা এবং মোট ব্যয় ২৪,১৩৯,৪৫২.১৫ টাকা। | প্রতি মাসভিত্তিক আয়-ব্যয়ের হিসাব নিয়মিত উপস্থাপন করতে হবে। | পরিচালক (অর্থ ও হিসাব) |
| ৫. প্রশাসন অনুবিভাগ | ১। শূন্যপদে জনবল নিয়োগ:<br>কমিশনের সকল শূন্য পদে জনবল নিয়োগ কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে সভায় অবহিত করা হয়।<br><br>২। প্রশিক্ষণ:<br>কমিশনের সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারীদের জন্য অনবিলম্বে বার্ষিক প্রশিক্ষণের পরিকল্পনা প্রণয়ন করার বিষয়ে সভায় পুনরায় অভিমত ব্যক্ত করা হয়।<br><br>৩। আর্থিক বিধিমালা প্রণয়ন:<br>কমিশনের কাজের সাথে সঙ্গতি রেখে আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা অর্পন বিধিমালা প্রণয়নের কাজ চলমান রয়েছে।<br><br>৪। বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন:<br>কমিশনের দাপ্তরিক কাজে ব্যবহৃত সকল প্রকার পণ্য/ভৌত কার্য/সেবা ক্রয়ের জন্য বার্ষিক ক্রয়পরিকল্পনা প্রণয়নের বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করা হয়।<br><br>৫। বিবিধ:<br>(ক) কমিশনের প্রস্তাবিত অর্গানোগ্রামের TO&E তে ২ টি গাড়ী অন্তর্ভুক্ত করার বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করা হয়। অন্তবর্তীকালীন ২ টি গাড়ী ভাড়া করার বিষয়েও অভিমত ব্যক্ত করা হয়<br>(খ) কমিশনের Internee নিয়োগের জন্য বিদ্যমান বাজেটের কোডে বিষয়টি অন্তর্ভুক্ত করার জন্য সভায় অভিমত ব্যক্ত করা হয়। | ১. কমিশনের সকল শূন্যপদের তথ্য ছকে উপস্থাপন করতে হবে। তাছাড়া যে সকল পদে নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে সেগুলো দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>২. কমিশনের কাজের সাথে সঙ্গতিপূর্ণ, প্রায়োগিক এবং বাস্তবভিত্তিক বার্ষিক প্রশিক্ষণের কর্মপরিকল্পনা প্রণয়ন করে কমিশন সভায় উপস্থাপন করতে হবে।<br><br>৩. অনতিবিলম্বে আর্থিক বিধিমালা প্রণয়ন করতে হবে।<br><br>৪. অনতিবিলম্বে বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন করে কমিশন সভায় উপস্থাপন করতে হবে।<br><br>৫. প্রস্তাবিত অর্গানোগ্রামের TO&E তে ২ টি গাড়ী অন্তর্ভুক্ত করার বিষয়টিসহ অন্তবর্তীকালীন ২ টি গাড়ী ভাড়া নেয়ার বিষয়টি ও Internee নিয়োগের জন্য বিদ্যমান বাজেটের কোডে বিষয়টি অন্তর্ভুক্তির প্রস্তাবটি পরীক্ষা করে পূর্ণাঙ্গ প্রস্তাব উপস্থাপন করতে হবে। | সচিব |
| ৬. আইন ও বিধি অধিশাখা | ১। সভাকে অবহিত করা হয় যে, ২০১৩ হতে জুন ২০১৭ পর্যন্ত বিরোধ নিষ্পত্তির জন্য ১২৫ টি আবেদন পাওয়া গেছে তন্মধ্যে নিষ্পত্তিকৃত ৩৩ টি (কমিশন কর্তৃক ৩২ টি ও বিইআরসি ট্রাইব্যুনাল কর্তৃক ১টি)। অনিষ্পন্ন রয়েছে ৯২ টি (কমিশন কর্তৃক ৭৪ টি, আরবিট্রাল ট্রাইব্যুনাল কর্তৃক ৭ টি এবং বিইআরসি ট্রাইব্যুনাল কর্তৃক ১১ টি)।<br>২। সভাকে আরও অবহিত করা হয় যে, কমিশনে কয়েকটি প্রবিধানমালার খসড়া চূড়ান্তকরণের জন্য প্রক্রিয়াধীন রয়েছে যার মধ্যে-<br>(ক) "বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০০৮ (সংশোধনী)" এর বিষয়ে ইন-হাউজ আলোচনা করে পরবর্তী করণীয় নির্ধারণ করতে হবে।<br>(খ) "BERC Lubricants (Storage, Specification & Permance Requirement) Codes and Standards এবং BERC Lubricants (Disposal & Re-finery) Regulations" প্রবিধানমালা দুটি একত্র করে প্রবিধানমালা প্রণয়ণ করতে হবে। | ১.কমিশনে দাখিলকৃত মোট মামলার সংখ্যা, নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা এবং অনিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ছকে উপস্থাপন করতে হবে।<br><br>২. প্রবিধানমালাটি প্রণয়ণের জন্য কমিশনের আইন ও বিধি শাখা প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।<br><br>৩ কমিশনের পেট্রোলিয়াম অনুবিভাগ প্রবিধানমালাটি প্রণয়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। | |

| | | | |
|---|---|---|---|
| | (গ) "বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন অভিন্ন হিসাব পদ্ধতি (বিদ্যুৎ) প্রবিধানমালা" প্রণয়নে স্টেকহোল্ডারদের মতামত গ্রহণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ৪. কমিশনের ট্যারিফ শাখা প্রবিধানমালাটি প্রণয়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। | |
| | (ঘ) "বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন ইলেকট্রিসিটি গ্রীড কোড" প্রবিধানমালা প্রণয়নে স্টেকহোল্ডারদের মতামত গ্রহণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ৫.কমিশনের বিদ্যুৎ অনুবিভাগ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। | |
| | (ঙ) "বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন সংকুচিত প্রাকৃতিক গ্যাস (সিএনজি) রিফুয়েলিং স্টেশন নিরাপত্তা কোডস ও স্ট্যান্ডার্ড প্রবিধানমালা" এবং "বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন যানবাহনের সংকুচিত প্রাকৃতিক গ্যাস (সিএনজি) জ্বালানি ব্যবস্থার নিরাপত্তা কোডস ও স্ট্যান্ডার্ড প্রবিধানমালা" প্রণয়নের জন্য কার্যপত্রসহ সংশ্লিষ্ট নথি উপস্থাপন করতে হবে। | ৬. কমিশনের গ্যাস অনুবিভাগ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। | |
| | (চ) "বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (পেট্রোলিয়াম পদার্থ খুচরা ট্যারিফ) প্রবিধানমালা", "বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (পেট্রোলিয়াম পদার্থ পরিবহন ট্যারিফ প্রবিধানমালা", "বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (পেট্রোলিয়াম পদার্থ মজুতকরণ, বিপণন ও বিতরণ ট্যারিফ) প্রবিধানমালা" এবং "বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (পেট্রোলিয়াম পদার্থ স্পেসিফিকেশন) প্রবিধানমালা" প্রণয়নের জন্য কার্যপত্রসহ সংশ্লিষ্ট নথি উপস্থাপন করতে হবে। | ৭. কমিশনের পেট্রোলিয়াম অনুবিভাগ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। | |

৩। সভাপতি ভবিষ্যতে অনুষ্ঠিতব্য সকল সমন্বয় সভায় আলোচ্যসূচি (Agenda) পৃথকভাবে উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

আরকোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
২০/৮/২০১৭
(মনোয়ার ইসলাম)
চেয়ারম্যান
বিইআরসি, ঢাকা।

---

নং-বিইআরসি/সমন্বয় সভা/প্রশা:০৯৮/১৬/ ৪৪০৭ তারিখ:২৩ আগস্ট ২০১৭

<u>অনুলিপি (অবগতি ও কার্যার্থে)।</u>

১। পরিচালক (সকল), বিইআরসি, ঢাকা।
২। উপ-পরিচালক (সকল), বিইআরসি, ঢাকা।
৩। সহকারী পরিচালক (সকল), বিইআরসি, ঢাকা

<u>অনুলিপি (সদয় অবগতির জন্য)।</u>

১। প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা। [মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য]
২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য]
৩। মুখ্যসমন্বয়কের একান্ত সচিব, এসডিজি, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা। [মুখ্যসমন্বয়ক মহোদয়ের সদয় অবগতির জন্য]
৪। সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ; বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]
৫। চেয়ারম্যানের একান্ত সচিব, বিইআরসি, ঢাকা। [মাননীয় চেয়ারম্যানের সদয় অবগতির জন্য]
৬। সহকারী পরিচালক (আইন ও বিধি), বিইআরসি, ঢাকা। [বিইআরসি ট্রাইব্যুনালের সদয় অবগতির জন্য]
৭। সদস্য (সকল) এর ব্যক্তিগত সহকারী, বিইআরসি, ঢাকা। [সম্মানিত সদস্যগণের সদয় অবগতির জন্য]

২৩.০৮.১৭
মুহ: মাহবুবুর রহমান
সচিব
ফোন ঃ ৯১৪০১২৫